# JAYSHREE NIRMAN LIMITED

## CIN : L45202WB1992PLC054157

Date: 16th August, 2023

To
The Secretary
The Calcutta Stock Exchange Ltd.
7, Lyons Range
Kolkata - 700 001.

Dear Sir,

**Sub: Compliance under Regulation 30 & 47 of Securities and Exchange Board of India (Listing Obligations And Disclosure Requirements) Regulations, 2015.**

Pursuant to Regulation 30 & 47 of the Securities and Exchange Board of India (Listing Obligations And Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed copies of newspaper advertisement published in the Newspapers viz. Financial Express (English) & Ek Din (Bengali) informing about the UnAudited Financial Statements for the quarter ended 30/06/2023 as the Outcome of the Board Meeting held at the registered office of the Company on Monday, 14th August, 2023.

This is for your information & records.

Thanking You,

Yours Faithfully,
For, Jayshree Nirman Ltd.

JAYSHREE NIRMAN LTD. KOLKATA

Authorised Signatory
Amit N Patel

1, BRITISH INDIA STREET, 5TH FLOOR, ROOM NO. 503, KOLKATA – 700 069,
E-mail Id :jayshreenirmanlimited@gmail.comPHONE : 2248-8149 / 30228150

# পুজোর পর ২০ মাইক্রনের নীচে প্লাস্টিক ক্যারিব্যাগ ব্যবহারে গুণতে হবে জরিমানা



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** কুড়ি মাইক্রনের নীচে প্লাস্টিক ক্যারিব্যাগ দিলে বিক্রেতাকে ৫০০ টাকা আর ব্যবহারকারীকে ৫০ টাকা জরিমানা করতে চায় কলকাতা পুরসভা। আসন্ন পুজোর মরশুম পার হলেই এমনই কড়া পদক্ষেপ নেওয়ার পরিকল্পনা রয়েছে বলেই জানা গেছে কলকাতা পুরসভা সূত্রেই। তবে এরপর স্বাভাবিক ভাবে যে প্রশ্নটা সবার মাথায় আসে তা হল, হঠাৎ পুজোর পরে কেন? কেন-ই বা এই মুহূর্তেই নেওয়া হচ্ছে না এই কড়া ব্যবস্থা?

এর ব্যাখ্যা দিয়েছেন সংশ্লিষ্ট বিভাগের মেয়র পারিষদ স্বপন সমাদ্দার। তিনি জানান, 'পুজোর মরশুমে আমরা সচেতনতামূলক প্রচার চালাতে চাইছি। প্লাস্টিক ব্যবহারে জরিমানার আইনি সংস্থান থাকলেও তা এখনও চালু করা হয়নি। জনতার সচেতনতার উপর ভরসা রাখতে চাই আমরা। সচেতনতা তৈরি না হলে পুজোর পরে কুড়ি মাইক্রনের নীচে প্লাস্টিক ব্যাগ বন্ধে জরিমানার সিদ্ধান্ত কার্যকর করতে বাধ্য হব।'

এদিকে পরিবেশ বিভাগ সূত্রের খবর, লাগাতার সচেতনতামূলক প্রচার চালিয়ে কুড়ি মাইক্রনের নীচে প্লাস্টিক ব্যাগ বন্ধে অনেকটাই সফল হয়েছিল পুরসভা। এরপর কোভিড অতিমারি ও লকডাউন পর্বে তা ছন্দ হারায়। বিভিন্ন সংস্থা, রাজনৈতিক দল থেকে পাড়ার ক্লাব, অনেকেই তখন সাহায্য পৌঁছে দিতে এই ব্যাগ ব্যবহার করেছিল। অতিমারির পরে আর সে ভাবে আর প্লাস্টিক ব্যাগ নিয়ে সচেতনতা প্রচার হয়নি। তারই জেরে কলকাতায় ফের ফিরেছে পাতলা প্লাস্টিক ব্যাগের ব্যবহার।

পরিবেশ আন্দোলনের সঙ্গে যাঁরা যুক্ত রয়েছে তাঁদের বক্তব্য, 'জরিমানাতেও শহরে কুড়ি মাইক্রনের নীচে প্লাস্টিক ক্যারিব্যাগ বন্ধ করা যাবে না। তাই এই ব্যাগকে উৎসেই বিনাশ করতে হবে। এই কারখানাগুলি বন্ধ করতে হবে প্রশাসনকেই।'

পরিবেশবাদী সংগঠন 'সবুজ মঞ্চ'-এর তরফ থেকে এও জানানো হয়েছে, কুড়ি মাইক্রনের নীচে প্লাস্টিক ব্যাগ তৈরি করে, এমন প্রায় ৭০টি ইউনিট চিহ্নিত করেছিলেন তাঁরা। প্রশাসনের কাছে সেই তালিকা জমাও দেওয়া হয়। কিন্তু প্রশাসনের কাছ থেকে তেমন কোনও সাড়া মেলেনি। সবুজ মঞ্চের সদস্যদের বক্তব্য, 'প্লাস্টিক দূষণ রোধ আইনে পরিষ্কার বলা আছে, উৎপাদক, ক্রেতা এবং বিক্রেতার বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। আর পুরসভা বলছে ক্রেতা এবং বিক্রেতাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা। ব্যবস্থা যদি নিতেই হয় তা হলে তিন পক্ষের বিরুদ্ধেই নিতে হবে। তবে সুফল মিলবে।

# ২০২৪-এর আন্তর্জাতিক কলকাতা বইমেলা শুরু ১৮ জানুয়ারি, থিম কান্ট্রি থাকবে ব্রিটেন

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** ২০২৪-এর কলকাতা বইমেলার তারিখ জানাল পাবলিশার্স অ্যান্ড বুক সেলার্স গিল্ড। আগামী বছর বইমেলা কিছুটা আগে অনুষ্ঠিত হতে চলেছে। আগামী ১৮ জানুয়ারি, ২০২৪ শুরু হতে চলেছে ৪৭ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা। চলবে ৩১ জানুয়ারি পর্যন্ত। তার আগে অগস্ট মাস থেকেই আবেদন গ্রহণ শুরু মেলায় অংশগ্রহণকারীদের জন্য। আগামী ৩১ অগস্ট পর্যন্ত আবেদন গ্রহণ চলবে বলে জানানো হয়েছে। প্রকাশক, পুস্তক বিক্রেতা, লিটল ম্যাগাজিনের প্রকাশকরা এই মেলায় অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবেন।

এদিকে গিল্ডের তরফ থেকে জানানো হয়েছে, গত বছর বইমেলায় প্রায় ৯০০টি রাজ্য, জাতীয় ও আন্তর্জাতিক প্রকাশনীর স্টল ছিল। যা ৪৫ বছরের রেকর্ড বলে জানায় বইমেলা কর্তৃপক্ষ। তার আগের বছর বইমেলায় প্রায় ২৩ কোটি টাকার বই বিক্রি হয়েছিল। ২০২৩ সালে কলকাতা বইমেলায় বই বিক্রির সেই অঙ্ক ছাড়িয়ে হয়েছে কম-বেশি ২৬ কোটি। এত টাকার বই বিক্রি সর্বকালীন রেকর্ড বলে জানায় গিল্ড।

উল্লেখ্য, ২০২৩ সালের বইমেলাতে আগামী বছরের থিম কান্ট্রির নাম জানানো হয়। ২০২৪ সালে ৪৭তম বইমেলায় থিম কান্ট্রি থাকবে ব্রিটেন। আগামী বছর বইমেলায় প্রকাশনার সংস্থার স্টলের সংখ্যা বাড়তে পারে বলে অনুমান করা হচ্ছে। পাশাপাশি, পুস্তক বিক্রির সংখ্যাও আগের তুলনায় বাড়বে বলেও ধরে নেওয়া হচ্ছে।

আর সেই কারণেই আগামী বছরের মেলায় আবেদন করার জন্য প্রকাশনা সংস্থার নাম ও ঠিকানা, প্রয়োজনীয় লাইসেন্স, স্টল বা টেবিলের মাপ, পুস্তক তালিকা এবং পত্রিকার প্রকাশিত সাম্প্রতিক সংখ্যা জমা দিতে বলা হয়েছে। এছাড়াও ২০২৩ সালে ওই প্রকাশনা সংস্থার জন্য বরাদ্দ জায়গার মাপ, মেলায় অংশগ্রহণের জন্য সমস্ত নিয়মবিধি মেনে চলার সম্মতি পত্রও আবেদন পত্রের সঙ্গে দেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে গিল্ডের তরফে।


## জয়শ্রী নির্মাণ লিঃ

রেজিঃ অফিস: কক্ষ নং ৫০৩, ১ ব্রিটিশ ইন্ডিয়া স্ট্রিট, কলকাতা - ৭০০ ০৬৯
সিআইএন নং : L45202WB1992PLC054157
ইমেল আইডি : jayshreenirmanlimited@gmail.com

**৩০ জুন, ২০২৩ -এ সমাপ্ত ত্রৈমাসিকের নিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফলের বিবরণের সারাংশ**

| ক্র. নং | বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন<br>ত্রৈমাসিক সমাপ্ত ৩০ জুন, ২০২৩ | বর্ষ থেকে তারিখ ০১.০৪.২০২৩ থেকে ৩০.০৬.২০২২ | পূর্ব বর্ষ সমাপ্ত ৩১ মার্চ, ২০২৩ |
|---|---|---|---|---|
| | | (অ-নিরীক্ষিত) | (অ-নিরীক্ষিত) | (অ-নিরীক্ষিত) |
| | | টাকা '০০০ -তে | | |
| ১. | কার্যাদি থেকে মোট আয় (নিট) | ৩৪৯২৯৬ | ৩৪৯২৯৬ | ৭২৭২৩ |
| ২. | কর পূর্ব সাধারণ কাজকর্ম থেকে নিট লাভ / (ক্ষতি) | ৩১৪০০১ | ৩১৪০০১ | ৪৭৫৭৯ |
| ৩. | কর পরবর্তী সাধারণ কাজকর্ম থেকে লাভ / (ক্ষতি) | ৩১৪০০১ | ৩১৪০০১ | ৪৭৫৭৯ |
| ৪. | সময়কালের জন্য (কর পরবর্তী) মোট ব্যাপক আয় (লাভ/(ক্ষতি) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী) | ৬৭২৮২৫ | ৬৭২৮২৫ | -৬৬৬৭১৮ |
| ৫. | পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন | ৫০৬১২ | ৫০৬১২ | ৫০৬১২ |
| | ফেস ভ্যালু ১০ টাকা প্রতিটি | ১০ | ১০ | ১০ |
| ৬. | ব্যালান্স সীটে প্রদর্শিতমতো পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত সংরক্ষণ | ২০৬১৩৯৩ | ১৭১১৭৭৪ | ১৭১১৭৭৪ |
| ৭. | নিট মূল্য | ২১১২০০৫ | ১৭৬২৩৮৬ | ১৭৬২৩৮৬ |
| ৮. | শেয়ার প্রতি আয় (মূল এবং মিশ্রিত) - | ৬২.০৪ | ৬২.০৪ | ৯.৪০ |

**দ্রষ্টব্য :**
উপরোক্তটি এসইবিআই (এলওডিআর) রেগুলেশনস, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জসমূহে ফাইল করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ।
ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট কোম্পানির ওয়েবসাইট : www.jayshreenirmanlimited -তে অ্যাক্সেস করা যেতে পারে।

বোর্ডের আদেশানুসারে
জয়শ্রী নির্মাণ লিমিটেড -এর পক্ষে
অমিত এন প্যাটেল
ডিরেক্টর
DIN : 09795548

তারিখ : ১৪/০৮/২০২৩
স্থান : কলকাতা


# দেশের বন্দরগুলির উন্নয়নে ১০০ শতাংশ বিদেশি বিনিয়োগ আনতে উদ্যোগী কেন্দ্র

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** কেন্দ্রীয় সরকার দেশের বন্দর ক্ষেত্রে ১০০ শতাংশ বিদেশী বিনিয়োগ আনার লক্ষ্যমাত্রা নিয়েছে। কলকাতায় গ্লোবাল মেরিটাইম ইন্ডিয়া সামিট ২০২৩-এর প্রাক্কালে এক রোড শো অনুষ্ঠানে কেন্দ্রীয় জাহাজ বন্দর ও জলপথ বিষয়ক মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল জানিয়েছেন, এই লক্ষ্যমাত্রা পূরণে আগামী অক্টোবর মাসের ১৭ থেকে ১৯ তারিখ দিল্লিতে তৃতীয় গ্লোবাল মেরিটাইম ইন্ডিয়া সামিট ২০২৩ অনুষ্ঠিত হবে। সেখানে বিশ্বের ১০০টির বেশি সমুদ্র উপকূলবর্তী দেশকে আমন্ত্রণ জানানো হয়েছে। সেখানে দেশগুলি তাদের বন্দর ক্ষেত্রে নানা সুযোগ সুবিধার বিষয়ে আলোকপাত করবে। পাশাপাশি ভারতও বন্দর ক্ষেত্রে উন্নয়নের বিষয়গুলি তুলে ধরবে। এই সামিটে দশ লক্ষ কোটি টাকার বেশি বিনিয়োগ আসার সম্ভাবনা রয়েছে বলে মন্ত্রী আশাবাদী। তিনি বলেন, ১০লক্ষ কোটি টাকার বেশি বিনিয়োগ এলে ১৫ লক্ষের বেশি কর্মসংস্থান হবে। এরমধ্যে কলকাতা বন্দরে প্রায় ১লক্ষ কোটির বিনিয়োগের সম্ভাবনা রয়েছে। ফলে এরাজ্যেও বহু কর্মসংস্থান হবে। মন্ত্রী জানান, দেশের বন্দর ও জাহাজ ক্ষেত্রে বিগত নয় বছরে বিশেষ উন্নতি হয়েছে। এর ফলে দেশের বন্দর ও জাহাজ ক্ষেত্রে ভারত বিশ্ব ব্যাংকের ক্রম তালিকায় ৫৪ থেকে ৩৮তম স্থানে উঠে এসেছে। মন্ত্রী আরও বলেন, সাগরমালা প্রকল্পের অধীনে ৮০২টি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এক্ষেত্রে খরচ হবে ৫দশমিক ৬লক্ষ কোটি টাকা। এর মধ্যে কলকাতা বন্দরের জন্য ১২হাজার কোটি টাকার প্রকল্প রয়েছে। শ্রী সোনোয়াল আসন্ন মেরিটাইম গ্লোবাল ইন্ডিয়া সামিটে অংশগ্রহণের জন্য বন্দর ক্ষেত্রের সঙ্গে জড়িত সব স্টেক হোল্ডারকে অংশগ্রহণের আবেদন জানান। সামিটের প্রচারে দেশের বিভিন্ন স্থানে এই ধরনের রোড শো হবে। কলকাতায় এই রোড শো প্রথম অনুষ্ঠিত হলো বলে মন্ত্রী জানিয়েছেন।


## পোদ্দার প্রোজেক্টস লিমিটেড

CIN No: L51909WB1963PLC025750
১৮ রবীন্দ্র সরণি, পোদ্দার কোর্ট, ১০ম তল, কলকাতা-৭০০০০১
**ফোন নং :** ০৩৩-২২২৫০৩৫২/৪১৪৭, **ই-মেল:** investors@poddarprojects.com

**৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং ছয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ**

(লক্ষ টাকায়)

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক | | | সমাপ্ত বর্ষ |
|---|---|---|---|---|
| | ৩০.০৬.২০২৩ | ৩০.০৬.২০২২ | ৩১.০৩.২০২৩ | ৩১.০৩.২০২২ |
| | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | নিরীক্ষিত | নিরীক্ষিত |
| চলতি কাজকর্ম থেকে সূত্রে মোট আয় | ১,৭৮৩.৩৪ | ১,১৩৫.৬৯ | ১,৭৬৮.৬৮ | ৫,৯৪৯.৫২ |
| কাজকর্ম থেকে ব্যতিক্রমী দফা এবং কর পূর্ব লাভ (+)/ক্ষতি(-) | ৩৮০.৯৭ | ১০৯.২৫ | ৩৫১.৪৯ | ৭৮৯.২২ |
| চলতি কাজকর্ম থেকে কর পূর্ব কাজকর্ম থেকে লাভ(+)/ক্ষতি(-) | ৩৮০.৯৭ | ১০৯.২৫ | ৩৫১.৪৯ | ৭৮৯.২২ |
| লাভ(+)/ক্ষতি(-) সময়কালের জন্য, চলতি কাজকর্ম থেকে | ২৭৪.৯৯ | ৮১.৯৩ | ৩১০.২৮ | ৫৯৫.৬৯ |
| মোট ব্যাপক আয় | | | ১১.৮৬ | ১১.৮৬ |
| পরিশোধ করা ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ১০/- টাকা) | ২৯৭.৩৫ | ২৯৭.৩৫ | ২৯৭.৩৫ | ২৯৭.৩৫ |
| অন্যান্য ইক্যুইটি | | | | ১৬,৩১৯.৮৩ |
| শেয়ার প্রতি আয় ১০/- টাকা প্রতিটি (বার্ষিকীকৃত নয়) চলতি এবং অচলতি কাজকর্ম থেকে | | | | |
| মৌলিক (টাকা) | ৯.২৫ | ২.৭৬ | ১০.৪৩ | ২০.০৩ |
| মিশ্রিত (টাকা) | ৯.২৫ | ২.৭৬ | ১০.৪৩ | ২০.০৩ |

**দ্রষ্টব্য :**
১. উপরোক্ত নিরীক্ষিত আর্থিক ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা পর্যালোচনা করার পরে **১৪ আগস্ট ২০২৩** এ অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের সভায় অনুমোদিত হয়েছে।
২. উপরোক্তটি সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ এর রেগুলেশন ৩৩ এর অধীনে স্টক এক্সচেঞ্জে দায়ের করা অ-নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ বিন্যাসের একটি সারাংশ। ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাটটি কোম্পানির ওয়েবসাইটেও উপলব্ধ www.poddarprojects.com
৩. কোম্পানি (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড) রুলস, ২০১৫ এবং এর অধীনে জারি করা প্রাসঙ্গিক সংশোধনী বিধিমালা এর অধীনে নির্ধারিত ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড (আইএনডি এএস) অনুসারে ফলাফল প্রস্তুত করা হয়েছে।
৪. বর্তমান সময়ের শ্রেণিবিন্যাস নিশ্চিত করার জন্য যেখানেই প্রয়োজন সেখানে পূর্ববর্তী সময়কালের চিত্রটি পুনরায় শ্রেণিবদ্ধ / পুনরায় শ্রেণিবদ্ধ করা হয়েছে।

ডিরেক্টর বোর্ডের আদেশক্রমে
**পোদ্দার প্রোজেক্টস লিঃ -এর পক্ষে**
স্বা/-
অরুন কুমার পোদ্দার
(চেয়ারম্যান)
DIN : 01598304

স্থান : কলকাতা
তারিখ: ১৪.০৮.২০২৩



## আসাম এনট্রেড লিমিটেড

CIN: L20219WB1985PLC096557
১৬ তারাচাঁদ দত্ত স্ট্রিট, ৩য় তল, কলকাতা-৭০০০৭৩
ইমেল: assamentrade1985@gmail.com, ওয়েবসাইট: www.assamentrade.com

**৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারসংক্ষেপ**
[ সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ -এর রেগুলেশন ৪৭(১)(বি) -এর পরিপ্রেক্ষিতে ]

(লক্ষ টাকায়)

| নং | বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন<br>সমাপ্ত ত্রৈমাসিকের জন্য | | | সমাপ্ত বর্ষের জন্য | কনসোলিডেটেড<br>সমাপ্ত ত্রৈমাসিকের জন্য | | | সমাপ্ত বর্ষের জন্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ৩০.০৬.২০২৩ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২৩ (নিরীক্ষিত) | ৩০.০৬.২০২২ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২৩ (নিরীক্ষিত) | ৩০.০৬.২০২৩ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২৩ (নিরীক্ষিত) | ৩০.০৬.২০২২ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২৩ (নিরীক্ষিত) |
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ১৯৫.৫৯ | ১৯৮.৭৫ | ১০৫.৪৭ | ৬৩৬.৫২ | ১৯৫.৭২ | ১৯৮.৮৪ | ১০৫.৬০ | ৬৩৭.১৯ |
| ২ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহর পূর্ব#) | ৫৫.৪০ | ৩৯.৮৩ | ১০.৮০ | ১১৮.৭৪ | ৫৫.৩৭ | ২০.৯৩ | ১০.৬৬ | ১১৮.৯০ |
| ৩ | সময়কালের জন্য কর পূর্ব নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহর পরবর্তী #) | ৫৫.৪০ | ৩৯.৮৩ | ১০.৮০ | ১১৮.৭৪ | ৫৫.৩৭ | ২০.৯৩ | ১০.৬৬ | ১১৮.৯০ |
| ৪ | সময়কালের জন্য কর পরবর্তী নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহর পরবর্তী #) | (৪.৭৮) | ৮২.৭৩ | ৭.৯৭ | ১৪৮.৭০ | (৪.৮১) | ৬৩.৮৩ | ৭.৮২ | ১৪৮.৮২ |
| ৫ | মোট ব্যাপক আয় সময়কালের জন্য [সময়কালের (কর পরবর্তী) লাভ এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী)-এর অন্তর্গত] | (৪.৭৮) | ৮২.৭৩ | ৭.৯৭ | ১৪৮.৭০ | (৪.৮১) | ৬৩.৮৩ | ৭.৮২ | ১৪৮.৮২ |
| ৬ | পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন | ১৪৩.৯৮ | ১৪৩.৯৮ | ১৪৩.৯৮ | ১৪৩.৯৮ | ১৪৩.৯৮ | ১৪৩.৯৮ | ১৪৩.৯৮ | ১৪৩.৯৮ |
| ৭ | রিজার্ভ (পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত)* | | | | ৫,৬৩৩.৭৪ | | | | ৫,৯৪৩.৫৬ |
| ৮ | শেয়ার প্রতি আয় (ইপিএস) প্রতিটি ১০/- টাকার মূল্যের মূল ইপিএস (টা. প্রতি শেয়ার) (বর্ষ শেষে বার্ষিকীকৃত নয়) | (০.৩৩) | ৫.৭৫ | ০.০১ | ১০.৩২ | (০.৩৩) | ৪.৪৪ | ০.৫৫ | ১০.৩৪ |
| | শেয়ার প্রতি আয় (ইপিএস) প্রতিটি ১০/- টাকার মূল্যের মিশ্রিত ইপিএস (টা. প্রতি শেয়ার) (বর্ষ শেষে বার্ষিকীকৃত নয়) | (০.৩৩) | ৫.৭৫ | ০.০১ | ১০.৩২ | (০.৩৩) | ৪.৪৪ | ০.৫৫ | ১০.৩৪ |

* রিজার্ভের মধ্যে রয়েছে সিকিউরিটিজ প্রিমিয়ামের পরিমাণ ৬২২.৭০৫ লক্ষ টাকা।

**দ্রষ্টব্য:**
১ উপরোক্তটি হল সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫-র রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জ সমূহে ফাইল করা সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের বিস্তারিত ফর্ম্যাটের সারাংশ। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জ সমূহের ওয়েবসাইট (www.nseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.assamentrade.com) -তে।

আসাম এনট্রেড লিমিটেড -এর পক্ষে
স্বা/-
(নিশান্ত গুপ্তা)
ম্যানেজিং ডিরেক্টর
DIN: 00326317

তারিখ : ১৪/০৮/২০২৩
স্থান : কানপুর


# কন্যাশ্রী প্রকল্পের দশম বর্ষ উপলক্ষে সাইকেল র‍্যালি



**নিজস্ব প্রতিনিধি, ব্যারাকপুর:** স্কুলছুট মেয়েদের সংখ্যা কমাতে এবং বাল্য বিবাহ রুখতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ২০১৩ সালের ১৪ অগস্ট কন্যাশ্রী প্রকল্পের সূচনা করেছিলেন। ২০১৭ সালে রাষ্ট্রপুঞ্জ থেকে বিশেষ সম্মান অর্জন করেছিল মুখ্যমন্ত্রীর স্বপ্নের এই প্রকল্প। কন্যাশ্রী প্রকল্পের দশম বর্ষ উপলক্ষে কাঁকিনাড়ার রথতলা ফিঙ্গাপাড়া গার্লস হাই স্কুলের তরফে এক বর্ণাঢ্য সাইকেল র‍্যালির আয়োজন করা হয়েছিল। উক্ত র‍্যালি রথতলার বিস্তীর্ণ অঞ্চল পরিক্রমা করে। কন্যাশ্রী দিবসে স্কুল কম্পাউন্ডে বৃক্ষরোপণও করা হয়। ছাত্রী ও শিক্ষিকাদের নাচ, গান, আবৃত্তির মাধ্যমে অনুষ্ঠান আলাদা মাত্রা জুগিয়েছিল। কন্যাশ্রী দিবস পালন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে হাজির ছিলেন পশ্চিমবঙ্গ বিদ্যালয় শিক্ষা পরিদর্শক দপ্তরের এ আই সঞ্জীব ব্যানার্জি, ভাটপাড়া থানার এসআই অয়ন কুণ্ডু ও মীরাজুল শেখ, স্কুল পরিচালন কমিটির সভাপতি জ্যোতির্ময় ভট্টাচার্য, টিচার ইন চার্জ রুমা সাহা, কন্যাশ্রী নোডাল শ্রীলা ভট্টাচার্য-সহ অন্যান্য শিক্ষিকারা।

# নৈহাটিতে টিকিট পরীক্ষকের হাতে পাকড়াও এক ভুয়ো সিবিআই অফিসার

**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** শিয়ালদা-কৃষ্ণনগর মেইন শাখার গুরুত্বপূর্ণ স্টেশন নৈহাটি। এখানে যাত্রীদের চাপও অত্যাধিক। জানা গিয়েছে, সোমবার দুপুরে এই স্টেশনের তিন নম্বর প্ল্যাটফর্মে চলছিল টিকিট চেকিং। আপ কৃষ্ণনগর লোকাল থেকে তিনজন নামতেই টিকিট পরীক্ষক স্নেহাশিস চক্রবর্তী তাদের কাছে টিকিট দেখতে চান। ব্রজগোপাল পাল নামে একজন নিজেকে সিবিআই অফিসার দাবি করেন। সন্দেহ জাগে টিকিট পরীক্ষকের। তখন ব্রজ গোপালের কাছে পরিচয়পত্র দেখতে চান ওই টিকিট পরীক্ষক। পরিচয়পত্র দেখেই টিকিট পরীক্ষকের সন্দেহ জাগে সেটি নকল। এরপর টিকিট পরীক্ষক ওই ভুয়ো সিবিআই অফিসারকে পাকড়াও করে নৈহাটি আরপিএফ থানার পুলিশের হাতে তুলে দেন। যদিও সুযোগ বুঝে ওই ভুয়ো অফিসারের সঙ্গে থাকা বাকি দু'জন প্ল্যাটফর্ম থেকে চম্পট দেয়। তবে তদন্তকারীরা ধৃতের কাছ থেকে বেশ কিছু জাল নথিপত্র বাজেয়াপ্ত করেছে। সিনিয়র টিকিট পরীক্ষক স্নেহাশিস চক্রবর্তী বলেন, টিকিট চাইতেই ওই ব্যক্তি জোর গলায় নিজেকে সিবিআই অফিসার বলে দাবি করতে থাকেন। এমনকী তাঁর পরিচয়পত্র দেখতে চান ওই ভুয়ো অফিসার। পাল্টা পরিচয়পত্র দেখতেই সন্দেহ জাগে ইনি ভুয়ো। এরপর ওনাকে আরপিএফের হাতে তুলে দেওয়া হয়। তবে সুযোগ বুঝে বাকি দু'জন পালিয়ে গিয়েছে। যদিও তদন্তকারীদের জেরায় ধৃত ভুয়ো অফিসার স্বীকার করেছেন, তিনি বাচ্চাদের টিউশন পড়ান। কিন্তু সিবিআই পরিচয় দিয়ে তিনি ভুল করেছেন।


## সিমপ্লেকস্ ইনফ্রাস্ট্রাকচারস্ লিমিটেড

রেজি. অফিস : **"সিমপ্লেক্স হাউস", ২৭, শেক্সপিয়র সরিণ, কলকাতা-৭০০ ০১৭**
দূরভাষ : +৯১ ৩৩-২৩০১-১৬০০, ফ্যাক্স : +৯১-৩৩ ২২৮৯-১৪৬৮
ই-মেল: simplexkolkata@simplexinfra.com, ওয়েবসাইট: www.simplexinfra.com
CIN No. L45209WB1924PLC004969

**৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের স্ট্যান্ডঅ্যালোন নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের সারাংশ**

(₹ লাখে)

| ক্র. নং | বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন<br>ত্রৈমাসিক সমাপ্ত ৩০ জুন ২০২৩ | ত্রৈমাসিক সমাপ্ত ৩১ মার্চ ২০২৩ | ত্রৈমাসিক সমাপ্ত ৩০ জুন ২০২২ | বর্ষ সমাপ্ত ৩১ মার্চ ২০২৩ | কনসোলিডেটেড<br>ত্রৈমাসিক সমাপ্ত ৩০ জুন ২০২৩ | ত্রৈমাসিক সমাপ্ত ৩১ মার্চ ২০২৩ | ত্রৈমাসিক সমাপ্ত ৩০ জুন ২০২২ | বর্ষ সমাপ্ত ৩১ মার্চ ২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | (অনিরীক্ষিত) | (নিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (নিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (নিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (নিরীক্ষিত) |
| ১ | কার্যাদি থেকে মোট আয় (নিট) | ৩১,৫৬৪ | ৩৬,৯৩৫ | ৪২,২২১ | ১৫৮,৭৫৬ | ৩৯,৯৩৬ | ৪৭,৮৮২ | ৫৬,০৪১ | ১৯৬,১৮৬ |
| ২ | নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহ পূর্ববর্তী) | (২৩,০১৫) | (২৩,৫৪৩) | (২০,৬৩৮) | (৮৬,০২২) | (২২,৯৪৬) | (২৩,৫২১) | (১৭,১৬৫) | (৮২,৪৫৬) |
| ৩ | নিট লাভ/(ক্ষতি) কর পূর্ব সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহ পরবর্তী) | (২৩,০১৫) | (২৩,৫৪৩) | (২০,৬৩৮) | (৮৬,০২২) | (২২,৯৪৬) | (২৩,৫২১) | (১৭,১৬৫) | (৮২,৪৫৬) |
| ৪ | নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহ পরবর্তী) | (১৫,০৬৪) | (৯,৬৭১) | (১৩,৫৬২) | (৫০,৬২৪) | (১৫,০১০) | (৯,৬৮৯) | (১০,০৮৪) | (৪৭,০৯৮) |
| ৫ | মোট ব্যাপক আয় / (ক্ষতি) সময়কালের জন্য | (১৫,২০০) | (১১,০৫৩) | (১১,৯৬৬) | (৪৮,৩৭২) | (১৫,১৫৫) | (১১,১৩০) | (৮,৪৮৪) | (৪৪,৮৯৫) |
| ৬ | পরিশোধ করা ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতিটি শেয়ারের ফেস ভ্যালু ₹২/-) | ১,১৪৭ | ১,১৪৭ | ১,১৪৭ | ১,১৪৭ | ১,১৪৭ | ১,১৪৭ | ১,১৪৭ | ১,১৪৭ |
| ৭ | মজুত (পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত) | | | | ২৭,৪৭৬ | | | | ২৮,৯২৫ |
| ৮ | শেয়ার প্রতি আয় (ইপিএস) (প্রতিটি ₹২/-) (বার্ষিকীকৃত নয়) | | | | | | | | |
| | ক) মৌলিক (₹) | (২৬.৩৬)* | (১৬.৯২)* | (২৩.৭৩)* | (৮৮.৫৯) | (২৬.৩০)* | (১৬.৯৫)* | (১৭.৬৩)* | (৮২.৪১) |
| | খ) মিশ্রিত (₹) | (২৬.৩৬)* | (১৬.৯২)* | (২৩.৭৩)* | (৮৮.৫৯) | (২৬.৩০)* | (১৬.৯৫)* | (১৭.৬৩)* | (৮২.৪১) |

* বার্ষিকীকৃত নয়

**দ্রষ্টব্য :**
ক) উপরোক্তটি সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫-এর রেগুলেশন ৩৩ এবং ৫২ অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা সমাপ্ত ত্রৈমাসিক / বার্ষিক সময়ের আর্থিক ফলাফলের বিস্তারিত ফর্ম্যাটের সারাংশ। সমাপ্ত ত্রৈমাসিক / বার্ষিক সময়ের আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট স্টক এক্সচেঞ্জ(সমূহ)-এর ওয়েবসাইট অর্থাৎ www.bseindia.com, www.nseindia.com, এবং www.cse-india.com -তে এবং কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ www.simplexinfra.com -তেও পাওয়া যাবে।
খ) সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫-এর রেগুলেশন ৫২ (৪) -তে অন্যান্য আইটেমগুলির জন্য প্রাসঙ্গিক প্রকাশগুলি স্টক এক্সচেঞ্জ(সমূহ) অর্থাৎ বিএসই লিমিটেড, ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড এবং দি ক্যালকাটা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এবং সংস্থার কাছে যথাক্রমে www.bseindia.com, www.nseindia.com, এবং www.cse-india.com এবং www.simplexinfra.com -এ অ্যাক্সেস করা যেতে পারে।

**সিমপ্লেকস্ ইনফ্রাস্ট্রাকচারস্ লিমিটেড পক্ষে**
এস. দত্ত
**সম্পূর্ণ-সময়ের ডিরেক্টর এবং সি.এফ.ও.**
DIN-00062827

কলকাতা
তারিখ: ১৪ অগস্ট, ২০২৩